দৈনিক বাংলা

তারিখ 09 NOV 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২

43

# নির্বিঘ্নে পরীক্ষা অনুষ্ঠানে সহযোগিতা করুন ঃ ছাত্রদল

জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স ও মাস্টার্স ফাইনাল পরীক্ষা যাতে ঘোষিত সময়সূচী অনুসারে অনুষ্ঠিত হতে পারে সেজন্যে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহবান জানিয়েছে। গতকাল আমানউল্লাহ আমানের সভাপতিত্বে অনুষ্ঠিত ছাত্রদলের এক

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ছাত্রদল

(প্রথম পৃঃ পর)

জরুরী সভায় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাসমূহ বার বার পিছিয়ে যাওয়ার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করা হয়। সভায় পরীক্ষা নির্বিঘ্নে অনুষ্ঠানের লক্ষ্যে সহযোগিতা করার জন্য সকল ছাত্র সংগঠনের প্রতি আহবান জানানো হয়।

সভায় অবিলম্বে মির্জা গালিব, লিটন, মাহবুব ও ডাঃ মিলন হত্যা মামলার আসামীদের গ্রেফতার ও বিচারের দাবী জানানো হয়। খবর প্রেস বিজ্ঞপ্তির।